
**রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।**
**প্রশ্নব্যাংক (এসএসসি ২০২৫)**
**বিষয়: ভূগোল ও পরিবেশ**

১। সিমার বাড়ি দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে। সেখানে এমন একটি শিল্প গড়ে উঠেছে যার কাঁচামাল বাইরের দেশ থেকে আমদানি করা হয়। অপরদিকে পলির বাড়ি দেশের উত্তর-পূর্বাঞ্চলে সেখানে একটি শিল্প গড়ে উঠেছে যা দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে।
ক. শিল্প কী?
খ. বাংলাদেশে পাট শিল্প গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর।
গ. সিমার অঞ্চলে গড়ে ওঠা শিল্পটি ব্যাখ্যা কর।
ঘ. পলির অঞ্চলের শিল্পটির ভবিষ্যৎ সম্ভবনা কতটুকু সে সম্পর্কে মতামত দাও।
২। দৃশ্যকল্প-১: শাওন দেশের উত্তরাঞ্চলে একটি ফসলের চাষ করে। ফসলটি শীতকালে পানিসেচের মাধ্যমে উৎপন্ন হয়।
দৃশ্যকল্প-২: শওকত সিলেটে একটি ফসলের চাষ করে। পানি জমতে পারে না এমন ঢালু জমিতে সে ফসলটি চাষ করে। ফসলটির অধিকাংশ বিদেশে রপ্তানি করা হয়।
দৃশ্যকল্প-৩; খলিল জামালপুরে একটি ফসলের চাষ করে। ফসলটি উৎপাদনের জন্য অধিক উষ্ণতা ও বৃষ্টির প্রয়োজন। ফসলটি দেশের অন্যতম প্রধান একটি শিল্পের কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়।
ক. অর্থকরী ফসল কাকে বলে?
খ. একই জমিতে বিভিন্ন শস্যের চাষ করাকে কী বলে? ব্যাখ্যা কর।
গ. দৃশ্যকল্প-১ এ শাওন কী ফসলের চাষ করে?
ঘ. দৃশ্যকল্প-২ ও ৩ এ বর্ণিত ফসল দুটির মধ্যে কোনটি দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা রাখছে? উত্তরের সপক্ষে মতামত দাও।
৩.




ক. বাংলাদেশের প্রথম তেলক্ষেত্র কোথায়?
খ. বাংলাদেশের অর্থনীতিতে কয়লার গুরুত্ব ব্যাখ্যা কর।
গ. চিত্রে 'B' চিহ্নিত নিবিড় বনভূমি সৃষ্টির কারণ ব্যাখ্যা কর।
ঘ. চিত্রে প্রদর্শিত 'C' এবং 'D' চিহ্নিত স্থান দুটির মধ্যে কোনটির বনজ সম্পদ বাংলাদেশের অর্থনীতিতে উন্নয়নে অধিক ভূমিকা রাখছে বিশ্লেষণ কর।
৪. বাংলাদেশে এমন একটি শিল্প রয়েছে যেখানে অশিক্ষিত, স্বল্প শিক্ষিত ও ওচ্চ শিক্ষিত সকল পর্যায়ের লোকজন কর্মরত। বর্তমানে এ শিল্পটি বাংলাদেশে 'বিলিয়ন ডলার' শিল্প হিসেবে পরিচিত। বাংলাদেশের সামাজিক পরিবর্তন এ শিল্পের অবদান অনন্য।
ক. কবি হিউয়েন সাং বাংলাদেশের পর্যটন সম্পর্কে কী উপলব্ধি করেন?
খ. বাংলাদেশের কাগজকলসমূহ উল্লেখ কর।
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত শিল্পটি বাংলাদেশে পুঞ্জীভূত হওয়ার কারণ ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে বর্ণিত শিল্পটিকে 'বিলিয়ন ডলার শিল্প' বলার কারণ বিশ্লেষণ কর।
৫.


| অঞ্চল | মৃত্তিকা | বনজ সম্পদ |
|---|---|---|
| আ | ধূসর ও লালচে | শাল, কড়ই |
| ই | পলি ও কর্দমাক্ত | সুন্দরী, গেওয়া |

ক. মংলা সমুদ্রবন্দর কোন নদীর তীরে অবস্থিত?
খ. বাংলাদেশের কৃষি উন্নয়নে বনভূমি কীভাবে ভূমিকা রাখে?
গ. ছকের 'আ' চিহ্নিত অঞ্চলটি বাংলাদেশের কোন বনভূমির অন্তর্গত? ব্যাখ্যা কর।
ঘ. ছকের 'আ' এবং 'ই' বনভূমি অঞ্চলের মধ্যে কোনটি সাম্প্রতিককালের প্লাবন সমভূমির অন্তর্গত? বিশ্লেষণ কর।
৬.

| সাল | রপ্তানি আয় (মিলিয়ন ইউএস ডলার) | আমদানি ব্যয় (মিলিয়ন ইউএস ডলার) |
|---|---|---|
| ২০১৫ | ৩১,২০৮.৯০ | ৪০,৬৮৫.০০ |
| ২০১৬ | ৩৪,২৫৭.২০ | ৩৯,৭১৫.০০ |
| ২০১৭ | ৩৪,৬৫৫.৯০ | ৪৩,৪৯১.০০ |
| ২০১৮ | ৩৬,৬৬৮.২০ | ৫৪,৪৬৩.২০ |

ক. আমদানি বাণিজ্য কী?
খ. বৈদেশিক বাণিজ্যে হিমায়িত খাদ্য রপ্তানির সুবিধাজনক পথ কোনটি এবং কেন?
গ. উপরের সারণিতে কোন বছর রপ্তানি ও আমদানি বাণিজ্যের ভারসাম্য সবচেয়ে কম? ব্যাখ্যা কর।
ঘ. উল্লীখত সারণি বিশ্লেষণ করে বাংলাদেশের ভবিষ্যৎ অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কে তোমার মতামত উপস্থাপন কর।
৭. দৃশ্যকল্প-১: সজল চট্টগ্রামে যেতে যে পথটিট ব্যবহার করে সেটি সমতল ভূমিতে গড়ে উঠে। দেশের হাওর ও নদীবহুল অঞ্চলে এই পথের পরিমাণ কম। তবে দেশের সর্বত্রই এই পথ পরিলক্ষিত হয়।
দৃশ্যকল্প-২: রহিম বরিশালে তার খালার বাড়িতে বেড়াতে যায়। তার ব্যবহৃত পথে যাতায়াত ও মালামাল পরিবহন খরচ অনেক কম। এই পথটি দেশের দক্ষিণাঞ্চলে বেশি দেখা যায়।
দৃশ্যকল্প-৩: রকি ঢাকা থেকে সিলেটে যেতে একটি পথ ব্যবহার করে। উক্ত পথে যাতায়াত ও মালামাল পরিবহন খরচ খুব বেশি। এই পথে খুব দ্রুত গন্তব্যস্থলে পৌঁছা যায়।
ক. বাণিজ্য কাকে বলে?
খ. আমদানির চেয়ে রপ্তানি বেশি হলে কী ঘটে? ব্যাখ্যা কর।
গ. দৃশ্যকল্প-১ এ সজলের ব্যবহৃত পথটির গুরুত্ব ব্যাখ্যা কর।
ঘ. দৃশ্যকল্প-২ ও ৩ এ বর্ণিত পথ দুটির মধ্যে কোনটি আমাদের অর্থনীতিতে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? বিশ্লষণপূর্বক তোমার মতামত দাও।

৮.




ক. নবায়নযোগ্য সম্পদ কাকে বলে?
খ. বাংলাদেশ ক্রমেই ঝুঁকিপূর্ণ হয়ে উঠছে কেন? ব্যাখ্যা কর।
গ. 'A' অঞ্চল থেকে ঢাকায় ব্যবসায়িক পণ্য পরিবহনের জন্য কোন ধরনের যাতায়াত পথ ব্যবহার করা সুবিধাজনক? ব্যাখ্যা কর।
ঘ. 'B' ও 'C' অঞ্চলের মধ্যে কোনটি 'বাংলাদেশের আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে' অধিক ভূমিকা রাখে? বিশ্লেষণপূর্বক মতামত দাও।
৯. P,Q এবং R তিন বন্ধু ঢাকায় বসবাস করে। P জাপানে, Q বরিশালে এবং R রংপুর বেড়াতে যাবে বলে ঠিক করেছে। তারা এও ঠিক করেছে যে, তিন ধরনের যাতায়াত মাধ্যম ব্যবহার করবে।
ক. আমদানি কাকে বলে?
খ. চট্টগ্রাম সমুদ্রবন্দর কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর।

গ. P যে যাতায়াত পথ ব্যবহার করবে তা ব্যাখ্যা কর।

ঘ. Q ও R দুই বন্ধুর মধ্যে কোন বন্ধু সবচেয়ে কম খরচে বেড়াতে পারবে? যুক্তিসহ মতামত দাও।

১০.

| যোগাযোগ ব্যবস্থা | বৈশিষ্ট্য |
|---|---|
| A | সমতল ভূমিতে গড়ে ওঠে |
| B | দক্ষিণাঞ্চলে বেশি ব্যবহৃত হয় |
| C | পাহাড়ি, বনাঞ্চল এবং জলাভূমিতে গড়ে ওঠে না |

ক. যাতায়াত ব্যবস্থা কাকে বলে?

খ. কোন যোগাযোগ ব্যবস্থায় পোতাশ্রয় ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের 'B' চিহ্নিত পথটি কোন যোগাযোগ ব্যবস্থাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের 'A' ও 'C' পথ দুটি চিহ্নিতপূর্বক যোগাযোগের ক্ষেত্রে কোনটি অপেক্ষাকৃত ব্যয়বহুল? বিশ্লেষণপূর্বক মতামত দাও।

১১. রফিক ও শফিক দুজন ব্যবসায়ী। রফিকের দেশের পণ্য পরিবহনের মাধ্যম হলো আকাশ পথ। শফিকের দেশের পণ্য পরিবহণের মাধ্যম হলেরা নৌ ও সমুদ্রপথ। কিন্তু একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে উভয় পথের গুরুত্ব অপরিসীম।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী?

খ. সমুদ্রপথ গড়ে ওঠার ভৌগলিক কারণ কী?

গ. উল্লিখিত রফিকের দেশের পরিবহন মাধ্যমটি গড়ে উঠার মৌলিক কারণ আলোচনা কর।

ঘ. উদ্দীপকে বর্ণিত দুটি পথের মধ্যে আন্তর্জাতিক সম্পর্ক স্থাপনে কোন পথের গুরুত্ব বেশি বিশ্লেষণ কর।

১২. পৃথিবীর বিভিন্ন দেশের মধ্যে বাণিজ্যিক ভারসাম্য সমান নয় অর্থাৎ আমদানি ও রপ্তানির মধ্যে ব্যপক বৈসাদৃশ্য বিদ্যমান থাকে। উন্নত দেশগুলোতে বাণিজ্যিক ভারসাম্য পক্ষান্তরে, অনুন্নত দেশগুলেতে বাণিজ্যিক ঘাটতি লক্ষ্য করা যায়।

ক. বাণিজ্য ঘাটতি কাকে বলে?

খ. সম্পদ সংরক্ষণ বলতে কী বোঝ?

গ. বাণিজ্যিক ভারসাম্যের সাথে উন্নয়নের সম্পর্ক বিদ্যমান–ব্যাখ্যা কর।

ঘ. উন্নয়নশীল ও অনুন্নত দেশের মধ্যে বাণিজ্যিক ভারসাম্যতা বিশ্লেষণ কর।

১৩.

| | |
|---|---|
| A | খনিজ সম্পদ আহরণ ও প্রক্রিয়াজাতকরণ, পর্যটন, সেবা ও তথ্য প্রযুক্তিভিত্তিক |
| B | ইন্টারনেট, টিভি, মোবাইল প্রযুক্তি ও ফ্লাইওভার |
| C | সার প্রয়োগ, ভূমির অধিক ব্যবহার, কীটনাশক, ভূনিম্নস্থ পানি সেচ |

ক. জীববৈচিত্র কাকে বলে?

খ. পরিবেশের ভারসাম্য রক্ষা করা প্রয়োজন কেন?

গ. 'C' কোন ধরনের উন্নয়ন কর্মকান্ড নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ. 'A' ও 'B' এর উন্নয়ন কর্মকাণ্ড চিহ্নিতপূর্বক কোন কর্মকাণ্ডটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে অধিকতর ভূমিকা রাখে? যুক্তিসহ ব্যাখ্যা কর।

১৪. লিটন ডিসকভারি চ্যনেল থেকে বাংলাদেশের দক্ষিণ ও পূর্ববঙ্গের উপর প্রতিবেদন তৈরি করার জন্য আসলেন। প্রতিবেনে বলা হলো "বাংলাদেশের জীববৈচিত্র প্রচুর কিন্তু তা আজ হুমকীর সম্মুখীন।"

ক. বাস্তুসংস্থান কী?

খ. বাংলাদেশে গ্রিনহাউস প্রতিক্রিয়ার ফলে কী হতে পারে–ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে লিটনের প্রতিবেদনে উল্লিখিত অঞ্চলে যে সকল পর্যটন কেন্দ্র রয়েছে তা উল্লেখ কর।

ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশটির জীববৈচিত্র্য সংরক্ষণে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? তোমার মতের পক্ষে যুক্তি প্রদান কর।

১৫. নরেন বাবু দীর্ঘদিন যাবৎ বুড়িগঙ্গার তীরে বসবাস করছেন। পূর্বে গৃহস্থালির কাজে এই নদীর পানি ব্যবহার করতেন। কিন্তু বর্তমানে নদীটি দূষণের ফলে দুর্গন্ধময় এবং ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে।


ক. বাংলাদেশে শতকরা কতভাগ বনভূমি রয়েছে?

খ. পরিবেশ সংরক্ষন বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকে উল্লিখিত দূষণটি কী কী কারণে ঘটে? ব্যাখ্যা কর

ঘ. জীব বৈচিত্রের ওপর উক্ত দূষণটি কী প্রভাব ফেলছে? বিশ্লেষণ কর।

১৬. আনজান মিঞা একজন কৃষক। বাড়ির পাশের বড় একটি জলাশয় লিজ নিয়ে গত কয়েক বছর ধরে তিনি মাছ চাষ করছেন। প্রথম কয়েক বছর তিনি বেশ লাভ পেয়েছেন। কিন্তু বছর তিনেক আগে জলাশয়টির পাশে একটি কারখানা স্থাপিত হওয়ার পর থেকে তার লাভের পরিমাণ আস্তে আস্তে কমতে থাকে।
ক. জীববৈচিত্র কাকে বলে?
খ. বাংলাদেশে উন্নয়নের ক্ষেত্রগুলো কী কী?
গ. মাছ চাষে আনজান মিঞার লাভ কমে যাওয়ার কারণ ব্যাখ্যা কর।
ঘ. আনজান মিঞা কীভাবে উক্ত পরিস্থিতি থেকে উত্তরণ লাভ করতে পারে বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর।
১৭. শিশিরদের পরিবার যমুনা নদীর পাড়ে বসবাস করত। এ বছর বর্ষায় নদীভাঙনের ফলে তারা ঘরবাড়ি ও ভিটেমাটি ছেড়ে অন্যত্র আশ্রয় নেয়। শিশিরদের পরিবারের মতো আরও অনেক পরিবার রয়েছে যারা এ ধরনের দুর্যোগের শিকার হয়ে স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে আসতে পারে না।
ক. ভূমিকম্প কী ধরনের দূর্যোগ?
খ. দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়?
গ. শিশিরদের পরিবার যে ধরনের প্রাকৃতিক বিপর্যায়ের শিকার তার কারণ ব্যাখ্যা কর।
ঘ. শিশিরদের স্বাভাবিক জীবনযাত্রায় ফিরিয়ে আনতে কী ধরনের ব্যবস্থা দরকার? তোমার মতামত দাও।
১৮. রূপম তার গ্রামের বাড়ি নরোত্তমপুরে পড়ার টেবিলে পড়াশোনায় ব্যস্ত। হঠাৎ সে টেবিলে একটি ঝাঁকুনি অনুভব করল। সে দেখতে পেল তার ঘরের ঝুলন্ত বস্তুগুলো এদিক ওদিক ঝুলছে। সে আরও লক্ষ করল বাইরে ভীতসন্ত্রস্ত লোকজন ছোটাছুটি করছে এবং পার্শ্ববর্তী একটি উঁচু ভবন হেলে পড়ছে।
ক. বিপর্যয় কী?
খ. দুর্যোগ ব্যবস্থাপনায় প্রশমন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ. রূপম যে পরিস্থিতি দেখতে পেল তার কারণ ব্যাখ্যা কর।
ঘ. উল্লিখিত ঘটনাটি ঢাকা শহরে ঘটলে কী ধরনের বিপর্যয় দেখা দিতে পারে বিশ্লেষণ কর।
১৯. সোহাগ দেশের উপকূলীয় এলাকার বাসিন্দা। হঠাৎ করে একদিন বিকেলে রেডিওতে সে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস শুনতে পায়। কিছুক্ষণ পরেই তার এলাকার লোকজনকে নিরাপদ স্থানে সরে যেতে মাইকিং করা হয়।
ক. সুনামি কী?
খ. খরা কীভাবে নিয়ন্ত্রণ করা যায়? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে উল্লিখিত পদক্ষেপগুলো দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোনটির অন্তর্ভূক্ত? ব্যাখ্যা কর।
ঘ. উক্ত দুর্যোগ পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? যুক্তিসহ তোমার মতামত উপস্থাপন কর।
২০. আগস্ট মাসের মাঝামাঝিতে দেশের উত্তরাঞ্চলের বেশ কিছু জেলা পানিতে তলিয়ে যায়। ফলে ক্ষতির সম্মুখীন হয় এলাকার ঘরবাড়ি, রাস্তাঘাট, শস্য ও অন্যান্য সম্পত্তি।
ক. বাংলাদেশে নদীর সংখ্যা কত?
খ. দুর্যোগ ও বিপর্যয় বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে উল্লিখিত জেলাগুলো পানিতে তলিয়ে যাওয়ার কারণ ব্যাখ্যা কর।
ঘ. উক্ত দূর্যোগে ঐ অঞ্চলে কী প্রভাব ফেলবে তা বিশ্লেষণ কর।
২১. আবেদ আলী যমুনা নদীর পাড়ের বাসিন্দা। একসময় তার অনেক কৃষিজমি ছিল। কিন্তু একটি বিশেষ প্রাকৃতিক দুর্যোগের কারণে তিনি বর্তমানে ভূমিহীন। জীবিকার সন্ধানে তিনি শহরে এসে দিনমজুরি করে সংসারের খরচ মেটান।
ক. বাংলাদেশে প্রায় প্রতিবছর বন্যা মৌসুম এবং সন্নিহিত সময়ে কতটি নদীতে নদীভাঙন দেখা দেয়?
খ. দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ. আবেদ আলী যে প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়েছেন তার কারণ ব্যাখ্যা কর।
ঘ. উক্ত দুর্যোগের ক্ষয়-ক্ষতি কমানোর কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? তোমার মতামত দাও।
২২.





ক. চন্দ্র কী?

খ. নিরক্ষরেখা বলতে কী বোঝায়?

গ. ‘P’ চিহ্নিত গ্রহটি জীবের জন্য বসবাস উপযোগী কেন? ব্যাখ্যা কর।

ঘ. ‘Q’ ও ‘R’ চিহ্নিত গ্রহ দুটির বৈশিষ্ট্যের তুলনামূলক বিশ্লেষণ কর।

২৩.





ক. উত্তর গোলার্ধে বড় দিন কোনটি?

খ. অধিবর্ষ বলতে কী বোঝায়?

গ. ‘W’ অবস্থানে দিনরাত্রির কী ধরনের পরিবর্তন হবে ব্যাখ্যা কর।

ঘ. পৃথিবীর পরিক্রমণকালে ‘W’ এবং ‘X’ অবস্থান কি একই ধরনের ঋতু পরিলক্ষিত হয়? বিশ্লেষণ কর।

২৪.




চিত্র: সৌরজগতের অংশ।

ক. মহাবিশ্ব কাকে বলে?

খ. রাত ও দিন ছোট বড় হয় কেন? ব্যাখ্যা কর।

গ. চিত্রে A চিহ্নিত বস্তুটি কী? ব্যাখ্যা কর।

ঘ. চিত্রে B ও C শনাক্ত করে এদের মধ্যকার বৈসাদৃশ্য বিশ্লেষণ কর।

২৫.

| গ্রহ | গ্রহের বৈশিষ্ট্য |
|---|---|
| A | গ্রহের উপরিভাগে রয়েছে গিরিখাত ও আগ্নেয়গিরি |

| | |
|---|---|
| B | উপরিভাগে তাপ কম এবং অভ্যন্তরে অত্যন্ত বেশি |
| C | ভূত্বক অসংখ্য গর্তে ভরা, এবড়ো-থেবড়ো |

ক. বার্ষিক গতি কাকে বলে?

খ. জোয়ারভাটার সময় কেন পরিবর্তন হয়? ব্যাখ্যা কর।

গ. A গ্রহটির বৈশিষ্ট্যসমূহ ব্যাখ্যা কর।

ঘ. B ও C গ্রহ দুটির মধ্যে কোন গ্রহটি বৃহত্তর? যুক্তিসহ তোমার মতামত দাও।

২৬. শাকিলা তার বোনকে বাংলাদেশ থেকে ডিসেম্বর মাসে ফোন করল। তার বোন মিথিলা তাকে জানাল, 'তার দেশে এখন গরমকাল চলছে'। বিভিন্ন ঋতুতে বিভিন্ন স্থানে উতুগত পরিবর্তনের কারণে বিভিন্ন ধরনের প্রভাব পড়ে।


ক. 'গর্জনশীল চল্লিশা' কী?

খ. আহ্নিক গতির ফলে পৃথিবীতে জোয়ারভাটা হয় বুঝিয়ে লেখ।

গ. শাকিলা ও মিথিলার দেশে ঋতুগত তারতম্যের কারণ ব্যাখ্যা কর।

ঘ. এই ধরনের তারতম্যের ফলে কী কী ধরনের প্রভাব পড়বে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর।

২৭.




ক. খনিজ কী?

খ. পাললিক শিলায় জীবাশ্ম দেখা যায় কেন? ব্যাখ্যা কর।

গ. উপরের চিত্রে A চিহ্নিত স্তরের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

ঘ. উপরের চিত্রে B এবং C স্তরের গঠন বৈশিষ্ট্যের ভিন্নতা আছে কী?

২৮. বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের বাসিন্দা মুসা ইব্রাহীম পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গে আরোহণ করেন এবং বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। বিষয়টি আমাদের জন্য অত্যন্ত গর্বের এবং আনন্দের।

ক. খনিজ কী?

খ. গিরিখাত বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।

গ. মুসা ইব্রাহীমের আরোহনকৃত পর্বতের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর।

ঘ. মুসা ইব্রাহীমের বসবাসকৃত এলাকার ভূমিরূপ বিশেষ প্রক্রিয়ায় গঠিক–বিশ্লেষণ কর।

২৯. নদীর পাড়ে বেড়াতে এসে লিনা তার শিক্ষককে প্রশ্নন করল, 'নদীর উৎপতি্ কোথায়?' শিক্ষক নদী সৃষ্টি থেকে শেষ পর্যন্ত বিভিন্ন অবস্থার বর্ণনা দিলেন। তিনি আরও বলেন, 'আমরা যেখানে অবস্থান করছি তা হলো নদীর সঞ্চয় কাজের ফলে সৃষ্ট সমভূমি।'


ক. পর্বতের সংজ্ঞা দাও।

খ. ল্যাকোলিথ পর্বত বলতে কী বোঝ?

গ. উদ্দীপকে শিক্ষকের বর্ণনা থেকে নদীর মধ্যগতি অবস্থা বর্ণন্ কর।

ঘ. উদ্দীপকে বর্ণিত নদীর সঞ্চায়জাত ভূমিরূপের বর্ণনা দাও।

৩০.




ক. বিচূর্ণীভবন কাকে বলে?
খ. সুনামি কী বুঝিয়ে লিখ।
গ. B এর কারণ বর্ণনা কর।
ঘ. A এর ফলাফল বিশ্লেষণ কর।

৩১. পৃথিবী শিলা দ্বারা গঠিত। এ শিলার রয়েছে নানা ধরন, গড়ন, বর্ণ। বিভিন্ন কারণে এ শিলার রূপান্তরও ঘটে। যে যে কারণে শিরার রূপান্তর ঘটতে পারে তার মধ্যে ভূমিকম্প একটি হতে পারে। ভূমিকম্পের মতোই মানব বিপর্যয়ের অন্য একটি কারণ হলো সুনামি।
ক. শিলা কাকে বলে?
খ. রূপান্তরিত শিলা কীভাবে তৈরি হয়?
গ. আমাদের দেশে কী কী কারণে ভূমিকম্প হতে পারে?
ঘ সুনামি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

৩২. কনক ও কাকন সাভার যাওয়ার পথে আমিন বাজার পার হওয়ার পরেই চোখে জ্বালাপোড়া অনুভব করে। তারা দেখতে পেল রাস্তার উভয় পাশে অনেক ইটের ভাটা।
ক. বায়ুদূষণ কী?
খ. পরিবেশের ভারসাম্যহীনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।
গ. কনক ও কাকনের চোখে জ্বালাপোড়া করার কারণ ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিবেশ উদ্ভিদকুলের ওপর কীরূপ প্রভাব ফেলবে বিশ্লেষণ কর।

৩৩. একদল শিক্ষার্থী শীতলক্ষ্যা নদীতে নৌভ্রমনে যায়। সেখানে তারা নদীর পানির স্বাভাবিক রং না দেখে রীতিমতো বিস্মিত হয়।
ক. জলজ ক্ষুদ্র প্রাণীর নাম কী?
খ. মাটি দূষিত হয় কীভাবে? ব্যাখ্যা কর।
গ. শিক্ষার্থীদের দেখা নদীটির পানির রং স্বাভাবিক নয় কেন? ব্যাখ্যা কর।
ঘ. উক্ত নদীর পানির রং স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে কী কী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন? তোমার মতামত দাও।